

# অবহিত হোন:

## আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে প্রস্টেট ক্যান্সার স্ক্রীনিং সম্পর্কে আলোচনা করুন।

NYC Health

# নিউ ইয়র্ক সিটিতে পুরুষদের মধ্যে প্রস্টেট ক্যান্সার হল সব চেয়ে সাধারণ ধরনের ক্যান্সারের মধ্যে দ্বিতীয়।

প্রস্টেট হল পুরুষদের মধ্যে একটি ছোট গ্রন্থি যা বীর্য তৈরি করতে সাহায্য করে। প্রস্টেট ক্যান্সার প্রাথমিকভাবে সনাক্ত করা হলে চিকিৎসায় সর্বোত্তম প্রতিক্রিয়া জানায়।

ফুসফুসের ক্যান্সার ছাড়া অন্য যেকোনো ধরনের ক্যান্সারের তুলনায় প্রস্টেট ক্যান্সারে বেশি পুরুষ মারা যান। প্রস্টেট ক্যান্সারের জন্য স্ক্রীনিং করানো এবং এটিকে তাড়াতাড়ি সনাক্ত করা আপনার জীবন বাঁচাতে পারে।

# প্রস্টেট ক্যান্সারের জন্য স্ক্রীনিং পরীক্ষা কি?

আপনি যদি স্ক্রীনিং করনো বেছে নেন, তাহলে আপনার প্রস্টেট-নির্দিষ্ট অ্যান্টিজেনের (prostate-specific antigen, PSA) জন্য রক্ত পরীক্ষা করা উচিত। কম সাধারণভাবে, আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী অন্যান্য পরীক্ষার সুপারিশও করতে পারেন। যদি আপনার PSA স্তরটি যা হওয়া উচিত তার চেয়ে বেশি হয়, তাহলে আপনার প্রদানকারী একটি বায়োপসির সুপারিশ করতে পারেন।



# লক্ষণ এবং উপসর্গগুলি কী?

আপনার যদি প্রস্টেট ক্যান্সার থাকে তাহলে আপনার কোনো উপসর্গ নাও থাকতে পারে। যদি আপনার উপসর্গ থাকে, তাহলে তাদের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- প্রস্রাব শুরু করতে সমস্যা
- প্রায়শই প্রস্রাব করা
- আপনার মূত্রাশয় সম্পূর্ণরূপে খালি করতে সমস্যা
- প্রস্রাবের সময় ব্যথা বা জ্বালা অনুভব করা
- দুর্বল বা প্রস্রাবের প্রবাহে বাধা
- যন্ত্রণাদায়ক বীর্যপাত
- আপনার প্রস্রাব বা বীর্যে রক্ত
- আপনার পিঠ, নিতম্ব বা শ্রোণীতে ব্যথা যা শেষ হয়না

## ঝুঁকির কারণগুলি কী?

বয়স বাড়ার সাথে সাথে প্রস্টেট ক্যান্সারের ঝুঁকি বাড়ে। আপনি প্রস্টেট ক্যান্সারের বর্ধিত ঝুঁকিতেও থাকতে পারেন যদি আপনার:

- কৃষ্ণাঙ্গ বা আফ্রিকান আমেরিকান হন
- প্রস্টেট ক্যান্সারের পারিবারিক ইতিহাস থাকে
- কিছু অন্যান্য ক্যান্সারের একটি পারিবারিক ইতিহাস থাকে

আপনার প্রদানকারীর সাথে আপনার পরিবারের ক্যান্সারের ইতিহাস নিয়ে আলোচনা করুন।

## স্ক্রীনিং এবং চিকিৎসার সুবিধা এবং ঝুঁকিগুলি কী কী?

স্ক্রীনিংয়ের সুবিধা হল প্রস্টেট ক্যান্সার তাড়াতাড়ি সনাক্ত করতে সক্ষম হওয়া, যা আপনার জীবন বাঁচাতে পারে।

কিছু লোকের মধ্যে, প্রস্টেট ক্যান্সার ছড়াবে না, উপসর্গগুলি সৃষ্টি করবে না বা প্রাণঘাতী হয়ে উঠবে না। প্রস্টেট ক্যান্সারের চিকিৎসার ঝুঁকি আছে। আপনার যদি একটি কম-ঝুঁকিপূর্ণ টিউমার থাকে, তাহলে আপনি আপনার প্রদানকারীর সাথে পর্যবেক্ষণ বা চিকিৎসার পরিকল্পনা নিয়ে আলোচনা করতে পারেন।

**কৃষ্ণাঙ্গ পুরুষদের প্রস্টেট ক্যান্সারে আক্রান্ত হওয়া এবং তাতে মারা যাওয়ার উভয়েরই সর্বোচ্চ ঝুঁকি রয়েছে। আপনার প্রদানকারীর সাথে স্ক্রীনিং নিয়ে আলোচনা করতে ভুলবেন না।**

# কাদের উচিত স্ক্রীন করানো?

এটি আপনার জন্য সঠিক কিনা তা দেখতে স্ক্রীনিং সম্পর্কে আপনার প্রদানকারীর সাথে কথা বলুন। পুরুষদের এই বয়সে তাদের প্রদানকারীর সাথে স্ক্রীনিং শুরু করা নিয়ে আলোচনা করা উচিত:

- 40 যদি তাদের একাধিক ঘনিষ্ঠ পরিবারের সদস্য থাকেন যাদের 65 বছর বয়সের আগে প্রস্টেট ক্যান্সার হয়েছিল
- 45 যদি তারা কৃষ্ণাঙ্গ হন বা পরিবারের একজন ঘনিষ্ঠ সদস্য থাকেন যাদের 65 বছর বয়সের আগে প্রস্টেট ক্যান্সার হয়েছিল
- 50 যদি তাদের নির্দিষ্ট ঝুঁকির কারণ না থাকে

# স্ক্রীনিং এবং পরিচর্যার খরচ কত?

বেশিরভাগ স্বাস্থ্য বিমা প্রদানকারীরা PSA স্ক্রীনিং কভার করে। আপনার বিমা না থাকলে, 311 নম্বরে ফোন করুন।

আপনি যদি বিমা না করে থাকেন এবং প্রস্টেট ক্যান্সারের জন্য চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে Medicaid Cancer Treatment Program (Medicaid ক্যান্সার সংক্রান্ত চিকিৎসার প্রোগ্রাম) সাহায্য করতে সক্ষম হতে পারে। আরো তথ্যের জন্য, 866-442-2262 নম্বরে কল করুন।





আরও জানতে
nyc.gov/health–এ যান এবং
"prostate cancer" (প্রস্টেট
ক্যান্সার) অনুসন্ধান করুন।